

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

বিস্মিল্লাহির-রহমানির রহিম
(দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)/
পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে।]

প্রস্তাবনা

আমরা, বাংলাদেশের জনগণ, ১৯৭১ খ্রীষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করিয়া [জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের] মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রতিষ্ঠিত করিয়াছি ;

[আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল-জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ;]

আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, আমাদের রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হইবে গণতান্ত্রিক পদ্ধতিতে এমন এক শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজের প্রতিষ্ঠা- যেখানে সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হইবে ;

আমরা দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে, আমরা যাহাতে স্বাধীন সত্তায় সমৃদ্ধি লাভ করিতে পারি এবং মানবজাতির প্রগতিশীল আশা-আকাঙ্ক্ষার সহিত সঙ্গতি রক্ষা করিয়া আন্তর্জাতিক শান্তি ও সহযোগিতার ক্ষেত্রে পূর্ণ ভূমিকা পালন করিতে পারি, সেইজন্য বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তিস্বরূপ এই সংবিধানের প্রাধান্য অক্ষুণ্ণ রাখা এবং ইহার রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান আমাদের পবিত্র কর্তব্য;

এতদ্বারা আমাদের এই গণপরিষদে, অদ্য তের শত উনআশী বঙ্গাব্দের কার্তিক মাসের আঠার তারিখ, মোতাবেক উনিশ শত বাহাওর খ্রীষ্টাব্দের নভেম্বর মাসের চার তারিখে, আমরা এই সংবিধান রচনা ও বিধিবদ্ধ করিয়া সমবেতভাবে গ্রহণ করিলাম।

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২ ধারাবলে "বিস্মিল্লাহির-রহমানির রহিম (দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)" শব্দগুলি, কমাগুলি, চিহ্নগুলি ও বন্ধনীর পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৩ ধারাবলে "জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৩ ধারাবলে দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

¹[BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM

(In the name of Allah, the Beneficent, the Merciful)/
In the name of the Creator, the Merciful.]

PREAMBLE

We, the people of Bangladesh, having proclaimed our independence on the 26th day of March, 1971 and, through ²[a historic struggle for national liberation], established the independent, sovereign People's Republic of Bangladesh ;

³[Pledging that the high ideals of nationalism, socialism, democracy and secularism, which inspired our heroic people to dedicate themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the national liberation struggle, shall be the fundamental principles of the Constitution ;]

Further pledging that it shall be a fundamental aim of the State to realise through the democratic process a socialist society, free from exploitation—a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens ;

Affirming that it is our sacred duty to safeguard, protect and defend this Constitution and to maintain its supremacy as the embodiment of the will of the people of Bangladesh so that we may prosper in freedom and may make our full contribution towards international peace and co-operation in keeping with the progressive aspirations of mankind ;

In our Constituent Assembly, this eighteenth day of Kartick, 1379 B.S. corresponding to the fourth day of November, 1972 A.D., do hereby adopt, enact and give to ourselves this Constitution.

¹ Substituted for the words, commas, signs and brackets "BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM (In the name of Allah, the Beneficent, the Merciful)" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 2.

² Substituted for the words "a historic war for national independence" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 3.

³ Substituted for the former second paragraph by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 3.